
# একযুগ পর ফিরছে প্রাথমিকের বৃত্তি পরীক্ষা

নিজস্ব প্রতিবেদক

৩ ডিসেম্বর ২০২২ ০৬:৪৯ পিএম | আপডেট: ৩ ডিসেম্বর ২০২২ ০৮:২৬ পিএম

5
Shares






পুরোনো ছবি

advertisement

দীর্ঘ এক যুগ পর ফের চালু হচ্ছে প্রাথমিকের পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের বৃত্তি পরীক্ষা। প্রাথমিক শিক্ষা সমাপনীর ভিত্তিতে বৃত্তি প্রদান করা হলেও এ বছর আলাদা করে নেওয়া হবে বৃত্তি পরীক্ষা।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর জানিয়েছে, সম্প্রতি অনুষ্ঠিত সভায় বর্তমান নিয়ম ও পদ্ধতিতে প্রাথমিক বৃত্তি প্রদান অব্যাহত থাকবে মর্মে সিদ্ধান্ত নেওয়া হয়। চলতি বছরের ডিসেম্বর মাসের শেষ সপ্তাহে এই বৃত্তি পরীক্ষা নিতে হবে, যা অনুষ্ঠিত হবে প্রতিটি উপজেলা সদরে।

advertisement

বৃত্তি প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে পঞ্চম শ্রেণিতে অধ্যায়নরত শিক্ষার্থী ও কেন্দ্রের সংখ্যা জানাতে জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাদের নির্দেশনা দিয়েছে অধিদপ্তর। সব ধরনের প্রাথমিক বিদ্যালয়ে পঞ্চম শ্রেণিতে অধ্যায়নরত শিক্ষার্থী ও পরীক্ষা কেন্দ্রের তথ্য আগামী ৬ ডিসেম্বরের মধ্যে পাঠাতে নির্দেশনা দেওয়া হয়েছে।

advertisement 4

এর আগে গত ২৮ নভেম্বর প্রাথমিক শিক্ষা সমাপনীতে মেধা বৃত্তি প্রদানের বিকল্প মেধা যাচাই পদ্ধতি বিষয়ক আন্তঃমন্ত্রণালয় সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

ঝরে পড়া রোধ, মেধার বিকাশে ২০০৯ সালে প্রাথমিক সমাপনী এবং পরের বছর ইবতেদায়ী শিক্ষা সমাপনী চালু করে সরকার। এই দুটি পরীক্ষার ওপর ভিত্তি করে বৃত্তি প্রদান করা হতো। বৃত্তি পরীক্ষা চালু হলে তার ভিত্তিতে বৃত্তি দেওয়া হবে। বিদ্যালয়ের ১০ শতাংশ শিক্ষার্থী এই পরীক্ষায় অংশ নিতে পাবে বলে মন্ত্রণালয়ের সভায় সিদ্ধান্ত হয়।